

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০১.৭০.০৭০.২০১১ (অংশ-১)- ৮৩২


তারিখঃ ২৫/০৭/২০১৬

বিষয়ঃ পূর্বানুমোদন ব্যতিরেকে ধামরাই উপজেলা পরিষদের অভ্যন্তরে 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের নিজস্ব ভবন স্থাপন ও বিধি/নির্দেশিকা বহির্ভূতভাবে রাজস্ব তহবিলের অর্থ ব্যয়ের অভিযোগে জনাব এস এম রফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ জেলা প্রশাসক, ঢাকার স্মারক নং- ৫১৮, তারিখঃ ০৬/০৬/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি ব্যতিত ধামরাই উপজেলা পরিষদের অভ্যন্তরে 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের নিজস্ব ভবন স্থাপন করা হয়। যা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা -৪১ এবং উপজেলা পরিষদ (সম্পত্তি অর্জন, হস্তান্তর, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১০ এর সুস্পষ্ট লংঘন। উক্ত ভবন নির্মাণ কাজে প্রকল্পের বরাদ্দের সাথে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২২/০৩/২০১৫ ও ১৬/০৬/২০১৫ তারিখে ১০,৪১,১৬৭/- টাকা ব্যয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ব্যত্যয়। এছাড়াও পিপিআর-২০০৮ বহির্ভূতভাবে ১০,৪১,১৬৭/- টাকার কার্যাদেশ কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে আহবান করা এবং কার্যাদেশ প্রদানের পূর্বে উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণ না করাসহ বর্ণিত বিধি বহির্ভূত কর্ম সম্পাদনের অভিযোগে তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার জনাব এস এম রফিকুল ইসলাম এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এতদসংক্রান্ত কাগজাদি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে পৃষ্ঠা।


২৫/৭/১৬
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১. জেলা প্রশাসক ঢাকা।